গ্রাম বাংলায় ইঁদুর ব্যবস্থাপনা প্রকল্প
Rat management for Rural Communities Project

RIU Research into Use
a DFID Funded Project

nr international

ইঁদুর সম্পর্কিত তথ্যাবলী



- যে সকল প্রাণীর মুখের অগ্রভাগে খুব শক্ত, তীক্ষ্ণ, ও ধারালো বাটালের মতো এক জোড়া করে উপরে ও নীচে ছেদন দন্ত আছে যা জন্ম থেকে মৃত্যু পর্যন্ত বাড়তে থাকে তাদেরকে ইঁদুর জাতীয় প্রাণী বা রোডেন্ট বলে।
- সারা বিশ্ব জুড়ে ইঁদুর জাতীয় প্রাণীর প্রজাতীর সংখ্যা প্রায় ২৭০০টি এর মধ্যে ৫০০ প্রজাতির ইঁদুর এবং ১৫০ প্রজাতির মাউস আছে।
- এক জোড়া ইঁদুর থেকে বছরে সাধারণত ৫০০টি এবং অঙ্কের হিসাবে ৩০০০টি ইঁদুর জন্ম লাভ করতে পারে।
- ইঁদুর সাধারণত ২ থেকে ৩ বছর বেঁচে থাকে।
- ইঁদুর সাধারণত বৎসরে ৬ থেকে ৮ বার বাচ্চা দেয়। প্রতিবারে ৩ থেকে ১৩ টি পর্যন্ত বাচ্চা দিতে পারে।
- ইঁদুরের গর্ভধারনকাল প্রজাতি ভেদে ১৭ থেকে ২২ দিন।
- সাধারণত বাচ্চা প্রসবের ৪৮ ঘন্টার (২ দিনের) মধ্যে আবার গর্ভধারন করতে পারে।
- বাচ্চা ইঁদুর দুই থেকে তিন মাসের মধ্যে বড় হয়ে বাচ্চা জন্ম দেওয়ার ক্ষমতা অর্জন করে।
- ইঁদুর ৬০ প্রকার রোগের জীবাণু বহন এবং বিস্তার করতে পারে যেমন- প্লেগ, লেপ্টোসপাইরোসিস, হান্টানভাইরাস, মিউরিন টাইফাস, সালমোনেলিওসিস ইত্যাদি। এই সমস্ত রোগের জীবাণুগুলো ইঁদুরের পায়খানা, প্রস্রাব, মুখের লালা, পশম ও বাতাস দ্বারা বিস্তার লাভ করে।
- ইঁদুর তিন ধরনের কৃমি বহন করে যেমন-নেমাটোড (কেঁচো কৃমি), ট্রিমাটোড (চেপ্টা কৃমি)এবং সিসটোড (ফিতা কৃমি)। এ সকল কৃমি বিভিন্ন ধরনের রোগ ছড়ায় যেমন- Angiostrongylus Cantonensis, Calodium hepaticum রোগ। শিশুরা এই সকল রোগে আক্রান্ত হলে মানুষিক ভারসাম্য হারায় বা হাবাগোবা হয়।
- ইঁদুর কামড় দিলে "র‍্যাট বাইট ফিভার" নামক রোগ হয়।
- একটি ইঁদুর বছরে খাবার খায় ৮ থেকে ১০ কেজি, প্রস্রাব করে ৫ লিটারের মতো, পায়খানা করে ১৫,০০০ বার যার ওজন প্রায় ৫ কেজি। গায়ের পশম ঝরে পড়ে ৫ লাখের মত।
- ইঁদুর ঘরে, ধান ক্ষেতে, সব্জী ক্ষেতে, গুদামে, রাস্তাঘাট, সড়ক, রেলপথ, বাধ ও সেচনালা সহ সর্বত্রই ক্ষতি করে।
- একটি ইঁদুর বছরে গড়ে ৫০ কেজি গোলাজাত ফসল নষ্ট করতে পারে।
- গর্তে ২০ কেজিরও বেশি খাদ্য জমা করতে পারে।
- প্রায় সব জাতের ইঁদুরই সাতারে পটু।

"সবসময় কাটুস কুটুস
কে বুঝে তার কর্ম
ক্ষতি ছাড়া পাও দিবে না
এটাই ইঁদুরের ধর্ম"

Lead Organization : AID-COMILLA

Referance : ACIAR, Australia, Dr. Ken P.Aplin, Dr. Peter R. Brown, Dr. Jens Jacob, Dr. Charles J. Krebs & Dr. Grant R. Singleton

Krishi Katha Published by : Department of Agriculture Extension, Bangladesh
Rodent Research Team in Bangladesh : Dr. Steven R Belmain, NRI, University of Greenwich, UK, Dr. Nazira Q Kamal, Dr. Santosh Kumer Sarker, Mohammad Harun, Md. Nazmul Islam Kadry, Abul Kalam Azad, Rokeya Begum Shafali of AID-COMILLA

গ্রাম বাংলায় ইঁদুর ব্যবস্থাপনা প্রকল্প

Rat management for Rural Communities Project

RiU Research Into Use

a DFID Funded Project

nr international

ইঁদুর সম্পর্কিত তথ্যাবলী

- ইঁদুর খেয়ে যতটা না নষ্ট করে তার চেয়ে ৫-১০ গুন বেশী নষ্ট করে গর্তে নিয়ে, মাটিতে মিশিয়ে, পশম, পায়খনা ও প্রস্রাব ইত্যাদির সংক্রমনের মাধ্যমে।
- আমন ফসলে ইঁদুরের ক্ষতির পরিমাণ (কৃষকের মতে) ১০% হতে ৩০%
- পার্বত্য চট্টগ্রাম জেলাসমূহে ইঁদুরের আক্রমনে জুম ফসল, শাকসব্জি, মসলা জাতীয় ফসল এর ক্ষতির পরিমাণ ১০০ ভাগ
- গুদামজাত শস্যে ইঁদুরের আক্রমন জনিত ক্ষতির পরিমাণ ১০% হতে ২০%।

ফাঁদ ব্যবহার

ইঁদুরের ফাঁদ পেতে ইঁদুর নিয়ন্ত্রন করা যায়। এই সকল ফাঁদে খাদ্য (টোপ) হিসাবে নারিকেল, কলা,আম, আলু ইত্যাদি ব্যবহার করা যেতে পারে। ইঁদুর সাধারণত ঘরের দেয়াল ঘেঁষে চলাফেরা করে, তাই দেয়াল ঘেঁষে ফাঁদ পাতা বা স্থাপন করা উচিত। ইহা ছাড়া মাচায়, ডোলে এবং ঘরের অন্যান্য জায়গায় যেখানে ইঁদুরের আনা গোনা বেশী সেখানেও ফাঁদ পেতে ইঁদুর নিয়ন্ত্রন করা যায়।

আবাস্থল ধ্বংস/নষ্ট করে

খড়ের গাদা ১৮" হতে ২৪" উঁচু করে স্থাপন করলে ইঁদুরে আক্রমণ অনেকাংশে কমে আসবে।

প্রতিবন্ধকতা সৃষ্টি করা

নারিকেল, সুপারি সহ অন্যান্য ফল ফলাদি ইঁদুরের আক্রমণ (ক্ষতি) হইতে রক্ষা করতে মাটি হতে ২-৩ মিটার উপরে গাছের গোড়া/ কান্ডের চারিদিকে ৪৫-৫০ সেঃ মিটার প্রশস্ত টিনের পাত শক্ত করে ভাল ভাবে আটকাতে হবে যেন ইঁদুর আর গাছের উপরে উঠতে না পারে। এ ব্যবস্থায় কাঠ বিড়ালীর উপদ্রব হতেও রক্ষা পাওয়া যায়।

পরিস্কার পরিচ্ছন্নতা

বাড়ী ঘর, গুদাম ঘর, রান্না ঘর, বাড়ীর আঙ্গিনা ও চারিপাশ পরিস্কার পরিচ্ছন্ন রাখলে ইঁদুরের উপদ্রব অধিকাংশে কম হয়। জমির আশ-পাশের আবর্জনা, অবাঞ্চিত আগাছা ও ঝোপ জঙ্গল পরিস্কার করে রাখলে ইঁদুর দ্বারা ক্ষতির পরিমাণ অনেকাংশে কম হবে।

আরও তথ্য জানার জন্য যোগাযোগ করুন

এইড-কুমিল্লা

গ্রাম ঃ রঘুপুর, ডাকঘরঃ রাজাপাড়া, ইউনিয়ন ঃ জগন্নাথপুর, উপজেলা ঃ কুমিলস্না সদর, জেলা ঃ কুমিলস্না।

টেলিফোন ঃ ০৮১-৬২৪৪৪, ০৮১ ৭২০০৩

ফ্যাক্স ঃ ০৮১-৬২৪৪৪, ই-মেইল ঃ aidazad@btcl.net.bd

web page : www.aidcomilla.org

Lead Organization : AID-COMILLA

Natural Resources Institute

সুশীলন Shushilan

LDRO

Mukti

PromPT